গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৩১.০০৩.১৩-৮২৭ ওএম/১০৩-সম(অংশ-৭)/২০১৩-৮২৭

তারিখ: ২২/১২/২০২০ খ্রি.

**বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ২০২১ শিক্ষাবর্ষে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন সংক্রান্ত।**

সূত্র : (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১(অংশ-১)-৯৬৩; তারিখ: ১০/১২/২০২০ খ্রি.
(২) মাউশি অধিদপ্তর এর স্মারক নং- ওএম/১০৩-সম(অংশ-৭)/২০১৩-৩০৭; তারিখ: ১২/১২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ ভাইরাসজনিত কারণে সূত্রোক্ত (১) নং স্মারকের আলোকে শুধুমাত্র ২০২১ শিক্ষাবর্ষে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত অনলাইন লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে মাউশি অধিদপ্তরের সূত্রোক্ত (২) নং স্মারকে একটি নির্দেশনা জারী করা হয়েছে। জারীকৃত নির্দেশনার (১) নং ক্রমিকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ২০২১ শিক্ষাবর্ষে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের ক্ষেত্রে **লটারির তারিখ নির্ধারণপূর্বক ভর্তি তদারকি ও পরিবীক্ষণ কমিটিকে অবহিত করার বিষয়টি উল্লেখ রয়েছে।** লক্ষ্য করা যাচ্ছে যে, ঢাকা মহানগরীর কোনো কোনো শিক্ষা প্রতিষ্ঠান ২০২১ শিক্ষাবর্ষে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার ক্ষেত্রে পূর্বের জারীকৃত নির্দেশনা অনুসরণ করছেন না, যা অনভিপ্রেত।

এমতাবস্থায়, ঢাকা মহানগরীর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ২০২১ শিক্ষাবর্ষে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া অনুষ্ঠানের পূর্বে **লটারির তারিখ নির্ধারণপূর্বক ভর্তি তদারকি ও পরিবীক্ষণ কমিটিকে অবহিত** করে প্রতিনিধির উপস্থিতি নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

22/12/2020

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন : ৯৫৫৪৫৬৫

প্রাপক,
অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
১। ঢাকা মহানগরীর সকল বেসরকারি নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়
২। ঢাকা মহানগরীর সকল বেসরকারি স্কুল এন্ড কলেজ

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**
১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃ: আ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২)]
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৪। জেলা প্রশাসক, ঢাকা
৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা [বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
৬। সিনিয়র সিস্টিম এনালিষ্ট, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৭। জেলা শিক্ষা অফিসার, ঢাকা [বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঢাকা মহানগরী (সকল)[বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
১০। সংরক্ষণ নথি